

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
(www.bnfe.gov.bd)

স্মারক: ৩৮.০০.০০০০.৩০১.০৪.১৫২২.২৬-২৮০

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২
২৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরি সহকারী, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো- এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

০২। যেহেতু, তিনি জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধির আবেদন করেন এবং কর্তৃপক্ষ সময় বৃদ্ধি মঞ্জুর করেন; এবং

০৩। যেহেতু, তিনি বর্ধিত সময় প্রাপ্তির পর লিখিত আবেদনে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে ইচ্ছা পোষণ বিষয়ে কোন উল্লেখ করেন নি; এবং

০৪। যেহেতু, উত্থাপিত অভিযোগের প্রাথমিক অনুসন্ধান পর্বে তার লিখিত জবাব ও তৎকৃত অসদাচরণের স্বীকারোক্তি এবং বিভাগীয় মামলা রুজু হবার পর অভিযোগ বিষয়ে তার লিখিত জবাব এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৫। সেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরি সহকারী, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(খ) অনুযায়ী পরবর্তী দুই বছরের জন্য “বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতন তিনি ভবিষ্যতে বকেয়া হিসেবে দাবি করতে পারবেন না।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত
তারিখ: ২৫.০২.২০২৬
দেবপ্রত চক্রবর্তী
যুগ্মসচিব
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-২২৬৬০১১১০
ই-মেইল: dg@bnfe.gov.bd

স্মারক: ৩৮.০০.০০০০.৩০১.০৪.১৫২২.২৬-২৮০

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২
২৫ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল), উশিবু।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, উশিবু (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপপরিচালক (সকল), উশিবু।
- ৬। সহকারী পরিচালক(সকল), উশিবু/ জেউশিবু।
- ৭। উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা (সকল), জেলা.....।
- ৮। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরি সহকারী, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস কপি।


তারিখ: ২৫.০২.২৬
মোঃ মাহবুব আলম
উপপরিচালক (ব্যক্তি প্রশাসন)
ফোন: ০২-২২৬৬০১১১৬

১১